সংবাদ

তারিখ ... 19 JUN 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ......

# ২০১৬ সালে মাদ্রাসার ৬ষ্ঠ শ্রেণীর পাঠ্যবই ডিজিটালাইজ হচ্ছে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

২০১৬ সালের জানুয়ারিতেই মাদ্রাসা শিক্ষার পাঠ্যবই ইন্টারএ্যাকটিভ ডিজিটাল পাঠ্যবইয়ে রূপান্তর শুরু হচ্ছে জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'প্রথম পর্যায়ে দাখিল স্তরের ৬ষ্ঠ শ্রেণীর ৪টি বই এবং অন্য ১২টি সাধারণ শিক্ষার বই নিয়ে কাজ শুরু হয়েছে। ক্রমান্বয়ে ৭ম, ৮ম ও ৯ম-১০ম শ্রেণী বইও ডিজিটালাইজ করা হবে। মাদ্রাসা শিক্ষা আর কোন ক্ষেত্রেই পিছিয়ে থাকবে না।' মন্ত্রী গতকাল জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) মাদরাসা শিক্ষা ধারার দাখিল স্তরের ইসলামী ও আরবি বিষয়সমূহের পাঠ্যপুস্তক ইন্টারঅ্যাক্টিভ ডিজিটাল মাদ্রাসা বুকস-এ রূপান্তর বিষয়ক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ছায়েফ উল্ল্যার সভাপতিত্বে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান, অতিরিক্ত সচিব এএস মাহমুদ, রোকসানা মালেক, নায়েমের মহাপরিচালক হামিদুল হক, জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব মাওলানা সাব্বির আহমেদ মোমতাজী প্রমুখ বক্তব্য রাখেন।